মাননীয়,

**সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও সোনাগাজী আমলী আদালত, ফেনী।**

জেলা- ফেনী।

**সোনাগাজী সি.আর মামলা নং-        /২০২২ ইং।**

**খাদিজা খাতুন (৪৭)**, স্বামী-দেলোয়ার হোসেন, সাং- উত্তর চরচান্দিয়া (ওবায়দুল হক দপাদার বাড়ী), ৩নং ওয়ার্ড, ৬নং চর চান্দিয়া, পোঃ- জমাদার বাজার, থানা- সোনাগাজী, জেলা- ফেনী।

**...............বাদিনী।**

**==== বনাম ====**

১। এস.এম সেলিম মাহমুদ (৪২), পিং- মৃত মোঃ ফজলুল হক, সাং- উত্তর চর চান্দিয়া,
২। মোঃ মহিন উদ্দিন (৩৭), পিং- মোঃ ফজলুল হক, সাং- উত্তর চর চান্দিয়া,
৩। মোঃ শামসুদ্দীন (৩৯), পিং- মৃত ওবায়দুল হক, সাং- দক্ষিণ চর চান্দিয়া,
৪। মোঃ হেলাল মিয়া ( ), পিং- মৃত শেখ আহাম্মদ, সাং- উত্তর চর চান্দিয়া (পন্ডিত বাড়ী),
৫। রহিমা আক্তার (২৮), স্বামী- মোঃ মহিন উদ্দিন, সাং- উত্তর চর চান্দিয়া (পন্ডিত বাড়ী),
সর্ব পোঃ- জমাদার বাজার, থানা- সোনাগাজী, জেলা- ফেনী।

**............... আসামীগণ।**

১। বাদিনী নিজে,
২। মোহাম্মদ আব্বাস উদ্দিন, পিং- আহছান উল্ল্যাহ,
৩। ওমর ফারুক, পিং- মাহবুবল হক,
৪। মোহাম্মদ আলী, পিং- মৃত আবু তাহের,
৫। একরাম উল্লাহ, পিং- মৃত রেজাউল হক,
সর্ব সাং- উত্তর চর চান্দিয়া, পোঃ- জমাদার বাজার, থানা- সোনাগাজী, জেলা- ফেনী।

**............ স্বাক্ষীগণ।**

**১ম ঘটনার তারিখ-০৬/১১/২০২২ইং, রোজ রবিবার,**
ঘটনার সময়- অনুমান দুপুর ১২ ঘটিকা,
ঘটনার স্থান- রেজিস্ট্রি অফিস, মতিগঞ্জ, সোনাগাজী, ফেনী।

**২য় ঘটনার তারিখ-০৮/১১/২০২২ইং, রোজ মঙ্গলবার,**
ঘটনার সময়- সকাল ০৮ ঘটিকা।
ঘটনার স্থান- তফশীলোক্ত ভূমিতে,





**ধারাঃ ৩৭৯, ৩৮০, ৪০৬, ৪১৭, ৪২০, ৪২৫, ৪২৭, ৪৪৭, ৪৪৮, ৪৫১, ৫০৬, ৫০৬(ii) দঃ বিঃ।**

নিবেদন এই,

অত্র মামলার বাদী একজন সহজ সরল ও আইনমান্য কারী ব্যক্তি হয়, আসামীগণ একই গ্রামের বাসিন্দা এবং পরিচিত বটে। ১নং আসামীর ভ্রাতাগণ, ভগ্নীগণ ও মাতা হইতে বাদী ২২/০৫/২০১২ইং তারিখের ৩৩১৩নং দলিল মূলে নিম্ন তফশীল ভূমি খরিদ করিয়া টিন শেটের চৌচালা দু-কক্ষ দোকান ঘর নির্মাণ করিয়া দীর্ঘ ১০ বৎসর যাবত ভোগ দখল করিয়া আসিতেছে, উক্ত দোকান গৃহের বৈদ্যুতিক মিটার নাম্বার ০০০৬৯৭৩৭, যাহার বিলের কাগজ উক্ত আরজির সাথে সংযুক্ত করা হইলো। ১নং আসামী উক্ত দলিলে পূর্বাল্লোখিত ৩৩১৩নং দলিলে সম্পাদনসূচক স্বাক্ষার করিয়া দিবার আশ্বাস ও সম্মতি থাকা শর্তেও রেজিষ্ট্রির দিন বিভিন্ন অজুহাত দেখাইয়া দলিল সম্পাদন করিয়া দেন নাই। পরবর্তীতে ১নং আসামী বাদী হইতে নগদ ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা গ্রহণ করিয়া বিগত ০৩/০৯/২০২১ইং তারিখে বায়নানামা সম্পাদন করিয়া দেয়। বাদী ১নং আসামীকে বিশ্বাস করিয়া শীঘ্রই রেজিষ্ট্রি করিয়া দিবে আশ্বাসে উক্ত টাকা নগদে প্রদান করিয়াছে। শঠ ১নং আসামী রেজিষ্ট্রি করিয়া না দিয়া বিদেশে চলিয়া যায়। অতঃপর ১নং আসামী পুনরায় বিদেশ হইতে আসিয়াছে খবর পাইয়া তাহার সাথে যোগাযোগ করিলে ১নং আসামী বাদীকে দলিল রেজিষ্ট্রি করিয়া দিতে অসম্মতি জানায় এবং বায়নাকৃত ভূমি অন্যত্র বিক্রি করিয়া দিবে মর্মে হুমকি প্রদান করে। বাদীনি ২য় ঘটনার আগের দিন বিগত ০৭/১১/২০২২ইং তারিখ ১নং আসামীকে বায়নাকৃত টাকার বক্রী ৫০,০০০/- টাকা গ্রহণ করিয়া অত্র ভূমি রেজিষ্ট্রি করিয়া দিবার জন্য বারংবার অনুরোধ করিলে ১নং আসামী আমার অনুরোধ ও বায়নানামার শর্ত অগ্রাহ্য করিয়া তিন গুন মূল্য দাবী করে। বাদীনি তিনগুণ মূল্য দিতে অস্বীকার করিলে এবং বায়নানামার শর্ত মোতাবেক বাদীনিকে প্রতিশ্রুত অংশ রেজিষ্ট্রি করিতে দিতে বলিলে সে বাদীনির দোকান গৃহ ভাঙ্গিয়া ফেলিবে মর্মে হুমকি ধমকি প্রদান করে। ২য় ঘটনা দিন, সময় ও স্থানে সকাল ০৮ ঘটিকায় ১নং আসামী ২-৪নং আসামীগণকে নিয়া এবং ৮/১০জন অজ্ঞাতনামা শ্রমিক নিয়া বাদীনির দোকান ঘরের দরজা জানালা ভাঙ্গিয়া ফেলে এবং দোকান মেরামতের জন্য থাকা যন্ত্রপাতি ও দোকানে সংযুক্ত মালামাল চিলিং ফ্যান ২ টা, বৈদ্যুতিক মিটার ১টি, দোকানের মালামাল রাখার ০৪টি তাক, টিবিল ০২টা, বেঞ্চ ৫টা, টিন শীটের ঘরের ফিলার ও বেড়াসহ গৃহ নির্মানের ব্যবহৃত যন্ত্রপাতি সামগ্রী ১-৪নং আসামীগন এলোপাতাড়ি ভাঙচুর করিয়া দোকান মেরামতের যন্ত্রপাতি আমার সম্মুখ দিয়া তাহাদের সাথে করিয়া নিয়া যায়। অত্র স্থানের শোরগোল শুনিয়া আমি আসিয়া বাধা প্রদান করিলে আমাকে ১/২নং আসামী জানে মারিয়া ফেলিবে বলিয়া মারিবার জন্য উদ্ধত হইলে স্থানীয় স্বাক্ষীগণ আমাকে কোনমতে উদ্ধার করে।

চলমান পাতা - ২/৩



আসামীগণ চলিয়া যাইবার সময় ৫নং আসামী আমাকে গালিগালাজ করিয়া বলিতে থাকে যে, আজকে দোকান ভাঙ্গিয়াছে কালকে বসত ঘরে আগুন দিবে, কি করতে পারিস করিস। অত্র ঘটনার পর

আমি রেজিষ্ট্রি অফিসে বায়নাকৃত ভূমির মালিকানা তল্লাশি দিয়া বিগত ১৪/১১/২০২২ইং তারিখের ৬৫৯২/২০২২নং দলিলের নকল প্রাপ্তে দেখিতে পাই যে ০৬/১১/২০২২ইং তারিখে আমার সহিত প্রতারণা ও বিশ্বাস ভঙ্গক্রমে ৩/৫নং আসামীর বরাবরে নিম্ন তফশীল ভূমি বাবদ উপরোক্ত দলিল সৃজন ও সম্পাদন করা হইয়াছে। এমতাবস্থায় আসামীগণ আমার সাথে প্রতারণা, বিশ্বাস ভঙ্গ করিয়াছে এমন কি আমার দোকান ঘর লুটপাঠ করিয়া দোকান ঘর ভাঙ্গিয়া নিয়া আমার আনুমানিক ৭,০০,০০০/- টাকার ক্ষতি করিয়াছে। বিগত ০৮/১১/২০২২ইং তারিখ বাদী ঘটনাস্থ্যল হইতে আসিয়া সোনাগাজী মডেল থানার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট একখানা এভিযোগ পত্র নিয়া মামলা করিতে গেলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মামলা নিতে অনিহা জ্ঞাপন করেন, আসামীগণ ধনে জনে বলিয়ান ও এলাকায় প্রভাবশালী হওয়ায় থানার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা মামলা গ্রহণ করিতে অস্বীকৃতি জানায়। এলাকার গণ্যমান্য ব্যক্তিগণের সাথে বিষয়টি আলোচনা করিলে তাহাদের মধ্যস্থ্যতায় আপোষ করিয়া দিবে আশ্বাস দেওয়ায় এবং ব্যর্থ হওয়ায় অত্রাদালতে মামলা করিতে সাময়িক বিলম্ব হইয়াছে।

অতএব, বিজ্ঞ হুজুর আদালত বাদীনি পক্ষ আনীত মামলা গ্রহণ করিয়া আসামীদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারীর সদয় আদেশ দানে মর্জি হয়।

ইতি তাং-

**<u>তফশীল বায়নাকৃত ভূমিঃ</u>**

জেলা- ফেনী, থানা- দাগনভূঞা, মৌজা- ৯১নং উত্তর মান্দিয়া মধ্যে দিয়ারা ৫৫৪নং খতিয়ানের ১১৪৬ নং দাগের ৮৯ ডিং ভূমি আন্দরে ০৩ ডিং ভূমি। বি/এস ৫১৯ খতিয়ানে ১৩৫৩ দাগে ০৩ ডিং, দাগ যাহার চৌহদ্দীঃ উত্তরে- চলাচলের পথ, দক্ষিণে-নবী আলম গং, পূর্বে- বেলায়েত হোসেন গং, পশ্চিমে- চলাচলের পথ। ০৬/১৮/২০২২ ইং তারিখের ৬৫৯২নং দানপত্র নালিশি দলিল, দাতা- এস এম সেলিম মাহমুদ, গ্রহিতা-রহিমা আক্তার ও মোঃ শামসুদ্দীন।